79

দৈনিক জনকণ্ঠ

তারিখ 11 JAN 1994
পৃষ্ঠা ৪ কলাম ৬

## শিক্ষামন্ত্রী সমীপে

বাংলাদেশের সকল শিক্ষা বোর্ডে পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের বাংলায় সনদপত্র প্রদান করা হয়। এতে করে ছাত্রছাত্রীরা এ সকল সনদপত্র দিয়ে বিদেশে উচ্চ শিক্ষা, চাকরি বা অন্যান্য যে কোন আন্তর্জাতিক কাজে লাগাতে পারছে না। এ সব কাজে লাগাতে হলে সনদপত্রগুলো প্রয়োজন হয় ইংরেজীতে, আর তা ইংরেজীতে করতে গেলে অর্থ ব্যয় হয় ও নানা ধরনের ভোগান্তিও ভুগতে হয়।

এ বিষয়ে আমাদের মতামত, আমাদের সনদপত্রের এক পৃষ্ঠায় বাংলায় এবং অপর পৃষ্ঠায় ইংরেজীতে প্রস্তুত করা হলে ছাত্রছাত্রীরা উপকৃত হবে। মন্ত্রীর কাছে অনুরোধ, তিনি যেন এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

ছাত্রদের পক্ষে—

**এটিএম সাইফুল হক (১ম বর্ষ)**
**বাবলি আক্তার রিক্তা**
আইডিয়াল কলেজ
**মানসুরা খানম (১ম বর্ষ)**
ঢাকা সিটি কলেজ
**তাপসী রাবেয়া/শাকিল চিশতী**
ইউনিভার্সিটি উইমেন্স ফেডারেশন কলেজ।